গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৫২.২৬. ৯৯২

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩৩ / ১৩ আগস্ট ২০২৬

বিষয়: জনাব নূর মোহাম্মদ সাইফুল্লাহ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সুবর্নচর, নোয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ২০/২০২৬ তারিখ ১৩/০৮/২০২৬)।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব নূর মোহাম্মদ সাইফুল্লাহ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সুবর্নচর, নোয়াখালীতে বিগত ১০/০৯/২০২৫ তারিখ যোগদান করেন। যোগদানের পর পূর্ববর্তী কর্মস্থলের দায়িত্ব বুঝিয়ে দেয়া ও শারীরিক অসুস্থতার কারণ দেখিয়ে ১৫/০৯/২০২৫ হতে ১৮/০৯/২০২৫ তারিখ পর্যন্ত ০৪(চার) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। নৈমিত্তি ছুটি ও সাপ্তাহিক ছুটি শেষে ২১/০৯/২০২৫ তারিখ কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও অদ্যাবধি পর্যন্ত আপনি কর্মস্থলে যোগদান না করে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনাকে উক্ত সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ফোনে বার বার কর্মস্থলে আসার জন্য বললেও আপনি তা অগ্রাহ্য করেন। যার প্রেক্ষিতে উপজেলা সমাজসেবা কার্যালয়, সুবর্ণচর, নোয়াখালীর ২২/১০/২০১৫ তারিখ ৪১.০১.৭৫৮৫.০০০.০০০.২৭.০০০১.২৫. ২৬২ সংখ্যক স্মারক, ১৬/১১/২০১৫ তারিখ ৪১.০১.৭৫৮৫.০০০.০০০.২৭.০০০১.২৫.২৭৫ সংখ্যক স্মারক এবং ০১/১২/২০২৫ তারিখ ৪১.০১.৭৫৮৫.০০০.০০০.২৭.০০০১.২৫.২৮৪ মূলে আপনাকে ০৩(তিন) টি কারন দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি কোন কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং কর্মস্থলেও অদ্যাবধি যোগদান করেননি। আপনার এহেন আচরণ সরকারি দায়িত্বের প্রতি চরম অবহেলা, স্বেচ্ছাচারীতা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে অসদাচরণের প্রমাণ বহন করে;

যেহেতু, উল্লিখিত অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম ২৭/০৭/২০২৬ তারিখ ৪১.২২.১৫০০.০০০.০০০.২৭.০০০১.১৮.৩৪৮ সংখ্যক স্মারক মূলে অনুরোধ করেছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব নূর মোহাম্মদ সাইফুল্লাহ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

১৩/৮/২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব নূর মোহাম্মদ সাইফুল্লাহ
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়
সুবর্নচর, নোয়াখালী।

স্থায়ী ঠিকানা: হোল্ডিং নম্বর ২৯৯, গ্রাম: দেওলা, ওয়ার্ড নং-০১, ডাকঘর: বিএইউ মাদ্রাসা, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৫২.২৬. ৬৯২(১২)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, দক্ষিণ খুলসী, রোড নং ০২, বাড়ী নং-২৩, চট্টগ্রাম।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সদর কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, সুবর্নচর, নোয়াখালী।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, সুবর্নচর, নোয়াখালী।

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০

অভিযোগ বিবরণী

জনাব নূর মোহাম্মদ সাইফুল্লাহ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সুবর্নচর, নোয়াখালীতে বিগত ১০/০৯/২০২৫ তারিখ যোগদান করেন। যোগদানের পর পূর্ববর্তী কর্মস্থলের দায়িত্ব বুঝিয়ে দেয়া ও শারীরিক অসুস্থতার কারণ দেখিয়ে ১৫/০৯/২০২৫ হতে ১৮/০৯/২০২৫ তারিখ পর্যন্ত ০৪(চার) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। নৈমিত্তিক ছুটি ও সাপ্তাহিক ছুটি শেষে ২১/০৯/২০২৫ তারিখ কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও অদ্যাবধি পর্যন্ত তিনি কর্মস্থলে যোগদান না করে অনুপস্থিত রয়েছেন।

তাকে উক্ত সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ফোনে বার বার কর্মস্থলে আসার জন্য বললেও তিনি তা অগ্রাহ্য করেন। যার প্রেক্ষিতে উপজেলা সমাজসেবা কার্যালয়, সুবর্ণচর, নোয়াখালীর ২২/১০/২০১৫ তারিখ ৪১.০১.৭৫৮৫.০০০.০০০.২৭.০০০১.২৫.২৬২ সংখ্যক স্মারক, ১৬/১১/২০১৫ তারিখ ৪১.০১.৭৫৮৫.০০০.০০০.২৭.০০০১.২৫.২৭৫ সংখ্যক স্মারক এবং ০১/১২/২০২৫ তারিখ ৪১.০১. ৭৫৮৫.০০০.০০০.২৭.০০০১.২৫.২৮৪ মূলে তাকে ০৩(তিন) টি কারন দর্শানো নোটিশ প্রদান করা হলেও তিনি কোন কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং কর্মস্থলেও অদ্যাবধি যোগদান করেননি। তার এহেন আচরণ সরকারি দায়িত্বের প্রতি চরম অবহেলা, স্বেচ্ছাচারীতা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে অসদাচরণের প্রমাণ বহন করে।

তার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)